



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address : Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ০৯ জুলাই ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

পার্বত্য চট্টগ্রামে অব্যাহত ভূমি বেদখলের প্রতিবাদে এবং বেদখলকৃত ভূমি ফিরিয়ে দেয়ার দাবিতে খাগড়াছড়ি ও রাঙামাটির বিভিন্ন জায়গায় ইউপিডিএফের বিক্ষোভ

পার্বত্য চট্টগ্রামে অব্যাহত ভূমি বেদখলের প্রতিবাদে এবং বেদখলকৃত ভূমি ফিরিয়ে দেয়ার দাবিতে খাগড়াছড়ি ও রাঙামাটির বিভিন্ন জায়গায় বিক্ষোভ সমাবেশ করেছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)।

‘প্রথাগত ভূমি আইনের স্বীকৃতি দাও’ এই শ্লোগানে আজ বৃহস্পতিবার (০৯ জুলাই ২০২০) ইউপিডিএফের স্থানীয় ইউনিটসমূহ এই সমাবেশের আয়োজন করে।

খাগড়াছড়ি জেলার পানছড়ি, গুইমারা, রামগড়, মানিকছড়ি ও লক্ষীছড়ি এবং রাঙামাটি সদরের সাপছড়ি, বাঘাইছড়ি সদর ও সাজেকে একযোগে এসব সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

পৃথক পৃথকভাবে অনুষ্ঠিত এসব সমাবেশে বক্তারা বলেন, পার্বত্য চট্টগ্রামে ভূমি বেদখল মহামারী আকার ধারণ করেছে। করোনাভাইরাস দুর্যোগের মধ্যেও ভূমি বেদখল অব্যাহত রয়েছে। কখনো সেটলার বাঙালিদের দিয়ে ভূমি বেদখল করা হচ্ছে, কখনো সেনাবাহিনী-বিজিবির ক্যাম্প স্থাপন ও সম্প্রসারণের নামে, কখনো কোন কোম্পানির নাম দিয়ে ভূমিদস্যুদের দিয়ে হাজার হাজার একর জমি অধিগ্রহণ করে বেদখল করা হচ্ছে। বেদখল করা হয়েছে পর্যটনের নামে হাজার হাজার একর ভূমি।

তারা অভিযোগ করে বলেন, সম্প্রতি খাগড়াছড়ির পানছড়ি উপজেলার মরাটিলা, রামগড়, গুইমারা; রাঙামাটি জেলায় লংগদু এবং বান্দরবান জেলায় নাইক্ষ্যংছড়ি, লামাসহ বিভিন্ন স্থানে ভূমি বেদখল করা হয়েছে। এছাড়া বিভিন্ন স্থানে ভূমি বেদখলের পাঁয়তারা চলমান রয়েছে। কথিত উন্নয়ন ও পর্যটনের নামে ইতিমধ্যে বান্দরবান ও সাজেক থেকে শত শত পাহাড়িকে নিজ ভূমি থেকে উচ্ছেদ করা হয়েছে।

বক্তারা আরো বলেন, পার্বত্য চট্টগ্রামে পাহাড়ি জনগণের অস্তিত্ব ধ্বংস করে দেয়ার জন্য একদিকে জাতিগত দমন-পীড়ন চালানো হচ্ছে, অপরদিকে একটি সশস্ত্র গোষ্ঠীকে প্রত্যক্ষ মদদ দিয়ে পাহাড়িদের মধ্যকার সংঘাত জিইয়ে রেখে নানা উপায়ে ভূমি বেদখলের কার্যক্রম জোরদার করা হয়েছে। এর প্রকৃত উদ্দেশ্য হচ্ছে পাহাড়িদের নিজ ভূমি থেকে উচ্ছেদ করা।

বজ্জারা অবিলম্বে পাহাড়িদের প্রথাগত আইনের স্বীকৃতি প্রদান, বেদখলকৃত সকল ভূমি ফিরিয়ে দেয়া ও ভূমি বেদখল বন্ধ করার জোর দাবি জানান।

যেসব স্থানে সমাবেশ অনুষ্ঠিত হয়েছে নিম্নে তা সংক্ষিপ্তাকারে দেওয়া হলো:

খাগড়াছড়ি জেলা:

পানছড়ি : ইউপিডিএফ'র পানছড়ি উপজেলা ইউনিটের উদ্যোগে আজ সকাল সাড়ে ১১টায় লোগাং এলাকায় সমাবেশ অনুষ্ঠিত হয়।

ইউপিডিএফ সংগঠক সাইক্লোন চাকমার সভাপতিত্বে ও সুর মঙ্গল চাকমার সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখেন, বৃহত্তর পার্বত্য পাহাড়ি ছাত্র পরিষদ(পিসিপি) খাগড়াছড়ি জেলা সাংগঠনিক সম্পাদক নিকেল চাকমা, চেঙ্গী ইউপি'র সাবেক চেয়ারম্যান অনিল চন্দ্র চাকমা, চেঙ্গী ইউপি'র সদস্য সঞ্চয় চাকমা।

গুইমারা: পার্বত্য চট্টগ্রামে ভূমি বেদখলের প্রতিবাদে এবং বেদখলকৃত ভূমি ফিরিয়ে দেওয়ার দাবিতে আজ সকালে ইউপিডিএফের গুইমারা ইউনিটের উদ্যোগে সমাবেশ অনুষ্ঠিত হয়।

এতে ইউপিডিএফের গুইমারা ইউনিটের সংগঠক তৈফাং ত্রিপুরার সভাপতিত্বে ও তানিমং মারমার সঞ্চালনায় বক্তব্য রাখেন ইউপিডিএফ সংগঠক বিমিত চাকমা, গণতান্ত্রিক যুব ফোরাম মাটিরঙ্গা উপজেলার সভাপতি শুভ চাকমা ও পাহাড়ি ছাত্র পরিষদ চট্টগ্রাম মহানগর শাখার সাধারণ সম্পাদক অমিত চাকমা।

রামগড়: একই কর্মসূচিতে আজ সকাল ১১টায় ইউপিডিএফের রামগড় ইউনিটের উদ্যোগে সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে সাবাগ চাকমার সঞ্চালনায় বক্তব্য রাখেন ইউপিডিএফের রামগড় উপজেলা ইউনিটের সংগঠক মংগ্রী মারমা, গণতান্ত্রিক যুব ফোরামের রামগড় উপজেলা সভাপতি সুরেশ চাকমা ও পাহাড়ি ছাত্র পরিষদের রামগড় উপজেলা সাধারণ সম্পাদক বিমল ত্রিপুরা প্রমুখ।

মানিকছড়ি : খাগড়াছড়ির মানিকছড়িতে সকাল সাড়ে ১১টায় ইউপিডিএফের স্থানীয় ইউনিটের উদ্যোগে সমাবেশ অনুষ্ঠিত হয়।

পার্বত্য চট্টগ্রামে অব্যাহত ভূমি বেদখলের প্রতিবাদে এবং বেদখলকৃত ভূমি ফিরিয়ে দেওয়ার অনুষ্ঠিত এ সমাবেশে জিংগো চাকমার সঞ্চালনায় বক্তব্য রাখেন ইউপিডিএফের মানিকছড়ি ইউনিটের সংগঠক রানা মারমা, পার্বত্য চট্টগ্রাম নারী সংঘের নেত্রী ও সমাজ সেবক পাইওয়া মারমা ও পাহাড়ি ছাত্র পরিষদের মানিকছড়ি উপজেলা সভাপতি অংচল্লা মারমা প্রমুখ।

লক্ষ্মীছড়ি : খাগড়াছড়ির লক্ষ্মীছড়ি উপজেলায় দুলাতলী ও যতীন্দ্র কার্বারী পাড়ায় পৃথক দুই স্থানে সমাবেশ অনুষ্ঠিত হয়। দুলাতলীতে অনুষ্ঠিত সমাবেশে নিংচাউ মারমার সঞ্চালনায় ও ইউপিডিএফ সংগঠক আফ্রসি মারমার সভাপতিত্বে বক্তব্য রাখেন গণতান্ত্রিক যুব ফোরামের কেন্দ্রীয় সদস্য ক্যামেরন চাকমা, সাধারণ সম্পাদক উৎপল চাকমা, পাহাড়ি ছাত্র পরিষদের লক্ষ্মীছড়ি থানা শাখার সহ সভাপতি রুপন্ত চাকমা ও সাবেক মেম্বার প্রীতি চাকমা।

অপরদিকে যতীন্দ্র কার্বারী পাড়ায় অনুষ্ঠিত সমাবেশে ইউপিডিএফ সংগঠক সরল চাকমার সভাপতিত্বে ও রিটন চাকমার সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখেন ইউপিডিএফ সংগঠক আদিত্য চাকমা, গণতান্ত্রিক যুব ফোরামের লক্ষ্মীছড়ি শাখার সাংগঠনিক সম্পাদক পাইসি মারমা ও পাহাড়ি ছাত্র পরিষদের লক্ষ্মীছড়ি থানা শাখার সাধারণ সম্পাদক অর্জুন চাকমা প্রমুখ।

রাঙামাটি জেলা:

সাপছড়ি(রাঙামাটি সদর) : পার্বত্য চট্টগ্রামে অব্যাহত ভূমি বেদখলের প্রতিবাদে এবং বেদখলকৃত ভূমি ফিরিয়ে দেয়ার দাবিতে সকাল ১০টায় রাঙামাটি সদর উপজেলার সাপছড়িতে ইউপিডিএফের রাঙামাটি জেলা ইউনিটের উদ্যোগে সমাবেশ অনুষ্ঠিত হয়।


সমাবেশে ইউপিডিএফের রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক তাপুমনি চাকমার সভাপতিত্বে বক্তব্য রাখেন গণতান্ত্রিক যুব ফোরামের রাঙামাটি জেলা কমিটির আহ্বায়ক ধর্মসিং চাকমা ও পাহাড়ি ছাত্র পরিষদের জেলা কমিটির ভারপ্রাপ্ত সভাপতি নিকন চাকমা প্রমুখ।

বাঘাইছড়ি উপজেলা সদর: ইউপিডিএফের বাঘাইছড়ি উপজেলা ইউনিটের উদ্যোগে আজ দুপুর ২টায় বঙ্গলতলী স্কুল মাঠে অনুষ্ঠিত সমাবেশে অনিক চাকমার সঞ্চালনায় বক্তব্য রাখেন ইউপিডিএফের বাঘাইছড়ি উপজেলা ইউনিটের সংগঠক অতল চাকমা, গণতান্ত্রিক যুব ফোরামের নেতা রতন জ্যোতি চাকমা।

সাজেক: রাঙামাটির বাঘাইছড়ি উপজেলার সাজেকও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। ইউপিডিএফের সাজেক ইউনিটের উদ্যোগে দুপুর ১টায় বাইবাছড়া স্কুল মাঠে অনুষ্ঠিত উক্ত সমাবেশে সাজেক ভূমি রক্ষা কমিটি সাবেক সভাপতি ধনময় চাকমার সভাপতিত্বে বক্তব্য রাখেন ইউপিডিএফ সংগঠক রুপম চাকমা, স্থানীয় কার্বারী বিশুমনি চাকমা ও গণতান্ত্রিক যুব ফোরামের সাজেক থানা শাখার সাধারণ সম্পাদক কালো বরণ চাকমা প্রমুখ।

অপরদিকে সাজেক এলাকাবাসীর ব্যানারে মাচলং-এ অনুষ্ঠিত সমাবেশে এলাকার মুকুন্দী বিমল বিহারী চাকমার সভাপতিত্বে ও রনি চাকমার সঞ্চালনায় বক্তব্য রাখেন জ্ঞান চাকমা, পরিমল চাকমা ও ইউপিডিএফ সংগঠক অডিট চাকমা।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)।